গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২১৬ তারিখ: ২২ আষাঢ় ১৪২৮
০৬ জুলাই ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

# দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন

তারিখঃ ০৬.০৭.২০২১ খ্রিঃ, সময়ঃ দুপুর ২.০০ টা

**সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেত:**

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

**আজ ০৬ জুলাই ২০২১ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

ময়মনসিংহ, সিলেট, মাদারীপুর, খুলনা, পটুয়াখালি, চট্টগ্রাম, কক্সবাজার এবং নোয়াখালী অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।
এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**০৬ জুলাই ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক**

**অবস্থাঃ** মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছ ে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগরে অবস্থান করছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপস াগরে মাঝারী অবস্থায় রয়েছে।

**পূর্বাভাসঃ** রংপুর, ময়মনসিংহ, সিলেট, রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দম কা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থে কে ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** বৃষ্টিপাতের প্রবনতা অব্যাহত থাকতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৪.৩ | ৩১.৭ | ৩৩.৫ | ৩৪.০ | ৩৬.০ | ৩৪.৪ | ৩৫.২ | ৩২.৬ |

| সর্বনিম্ন তাপমাত্রা | ২৫.৮ | ২৬.৫ | ২৫.০ | ২৫.৫ | ২৬.৪ | ২৫.১ | ২৬.৬ | ২৬.৪ |
|---|---|---|---|---|---|---|---|---|

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ৩৬.০$^{o}$ সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা রাঙ্গামাটি ২৫.০$^{o}$ সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

## এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- ব্রহ্মপুত্র নদের পানি সমতল স্থিতিশীল আছে, অপরদিকে যমুনা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের গাণিতিক মডেলের তথ্য অনুযায়ী, আগামী ৪৮ ঘন্টায় দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের হিমালয় পাদদেশীয় পশ্চিমবঙ্গ, আসাম ও মেঘালয় প্রদেশের স্থানসমূহে মাঝারী থেকে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস আছে। এই সময়ে দেশের উত্তরাঞ্চলের তিস্তা, ধরলা, দুধকুমার নদীসমূহের পানি সমতল সময় বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে।

## ৩ জুলাই, ২০২১ তারিখ থেকে পরবর্তী ১০ দিনের সম্ভাব্য পূর্বাভাস:

- **ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি সমতল অব্যাহত থাকতে পারে। আগামী ৯ জুলাই নাগাদ বাহাদুরাবাদ স্টেশনে যমুনা নদীর পানি সমতল বিপদসীমার কাছাকাছি পৌঁছাতে পারে।**
- **গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল ক্রমান্বয়ে বৃদ্ধি পেতে পারে। আগামী৭দিনে আপাতত: গঙ্গা নদীর অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।**
- **ঢাকার চারপাশের নদীসমূহের পানি সমতল বৃদ্ধি অব্যাহত থাকতে পারে। ঢাকার চারপাশের নদীসমূহের অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।**

## বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ২২ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ/০৬ জুলাই ২০২১ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

| জেলার নাম | পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - | - |

## বৃষ্টিপাতের তথ্যঃ

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| পঞ্চগড় | ২০০.০ | সুনামগঞ্জ | ৯২.০ | সিলেট | ৫২.০ |

গত ২৪ ঘণ্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| চেরাপুঞ্জি | ৫০.০ | জলপাইগুড়ি | ৩২.০ |

## নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০১ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
| বৃদ্ধি | ৫৬ | গেজ পাঠ পাওয়া যায়নি | ডাটা সংগ্রহ শুরু হয়নি (০১ টি) |
| হ্রাস | ৫১ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | **০১** | **বিপদসীমার উপরে** | ০০ |

**অতিবর্ষণ এবং উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢলে সৃষ্ট আকস্মিক বন্যা পরিস্থিতিঃ**

**১। ময়মনসিংহঃ জেলা প্রশাসক, ময়মনসিংহ এর দেয়া তথ্য মতে, জেলার ধোবাউড়া উপজেলায় ০৫ টি ইউনিয়ন (দক্ষিণ মাইজপাড়া, গামারীতলা, ধোবাউড়া, পোড়াকান্দুলিয়া ও ঘোষগাঁও) এবং হালুয়াঘাট উপজেলায় ১১ টি ইউনিয়নে (ভূবনকুড়া, জুগলী, কৈচাপুর, হালুয়াঘাট, গাজিরভিটা, বিলডোরা, শাকুয়াই, নড়াইল, ধারা, ধরাইল ও আমতৈল) পানি বৃদ্ধি পেয়ে বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়েছিল। এর ফলে হালুয়াঘাট উপজেলায় ৫,৩০০ টি ও ধোবাউড়া উপজেলায় ১৭,৫০০ টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছিল মর্মে তথ্য পাওয়া যায়। অদ্য (০৬/০৭/২০২১খ্রিঃ তারিখ) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ময়মনসিংহ এর সাথে টেলিফোনিক তথ্যে জানা যায় যে, প্লাবিত এলাকা সমূহের পানি নেমে গেছে। বর্তমানে বন্যা পরিস্থিতি স্বাভাবিক।**

***** কুড়িগ্রাম, লালমনিরহাট, টাঙ্গাইল, জামালপুর, বগুড়া, সিরাজগঞ্জ, রংপুর, গাইবান্ধা এবং নীলফামারী এই ৯ টি জেলায় বন্যা পরিস্থিতি সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। এ সকল জেলার সম্ভাব্য বন্যা পরিস্থিতি মোকাবেলায় ও জনদুর্ভোগ হ্রাস করতে জেলা প্রশাসক এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণের সাথে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক বিগত ০৫/০৭/২০২১খ্রিঃ তারিখে অনলাইন প্লাটফর্মে একটি জুম মিটিং করেন। এ সময় মাননীয় প্রতিমন্ত্রী সংশ্লিষ্ট জেলা প্রশাসকদেরকে সম্ভাব্য বন্যা মোকাবেলা এবং জনদুর্ভোগ হ্রাসের কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।**

**অগ্নিকান্ডের তথ্যঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৪ জুলাই ২০২১খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৫ জুলাই, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১১ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ২ | ৪ | ০ |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ৩ | ০ | ০ |
| ৭। | খুলনা | ০ | ০ | ০ |
| ৮। | রংপুর | ৪ | ০ | ০ |
| | | | | |
| | **মোট** | **১১** | **৪** | **০** |

**গ্যাস বিস্ফোরণ:** জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ ও ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের মাধ্যমে পাওয়া তথ্য হতে জানা যায় যে, নারায়ণগঞ্জের সোনারগাও উপজেলায় কাঁচপুরে অবস্থিত আলনুর পেপার মিলে গ্যাসলাইলের লিকেজ থেকে অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। ঘটনাটি ঘটে গত ০৬/০৭/২০২১ (রোববার) রাত ১.২০ টায় । সংবাদ পেয়ে সোনারগাঁ ও ডেমরা ফায়ার স্টেশনের ২ টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছায় এবং রাত ২.২০ এ আগুন নিয়ন্ত্রণে আনে।

এ সময় আগুন নেভাতে গিয়ে ৪ জন নিরাপত্তাকর্মী মারাত্মকভাবে দগ্ধ হয়েছেন। দগ্ধ ব্যক্তিরা হলেন:-১.আসাদুজ্জামান (৪০), ২.মুস্তাফিজ (৪৫), ৩.তৌহিদুল ইসলাম (৪০), ৪.ফারুক মিয়া (৪৫), । ফারুক মিয়া (৪৫) স্থানীয়ভাবে প্রাথমিক চিকিৎসা শেষে বাড়ি ফিরেছেন। বাকি ৩ জনের অবস্থা আশঙ্কাজনক। ৩ জনের শরীর ৬৫ শতাংশ দগ্ধ হয়েছে। তারা শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারী ইনস্টিটিউটে ভর্তি হয়ে চিকিৎসাধীন আছেন।

## (ক) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে মানবিক সহায়তার কার্যক্রমঃ

১. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ০৪/০৭/২০২১ খ্রিঃ তারিখে ২৫২ নং স্মারকের মাধ্যমে ঈদ-উল-আযহা ২০২১ উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় সারাদেশে ৬৪ জেলায় ৪৯২ টি উপজেলার জন্য ৮৭,৭৯,২০৩ টি এবং ৩২৮ টি পৌরসভার জন্য ১২,৩৮,৪৪৮ টি সর্বমোট (৮৭,৭৯,২০৩+১২,৩৮,৪৪৮)= ১,০০,১৭,৬৫১ টি কার্ডের বিপরীতে ১০ কেজি হারে (৯৭,৭৯২.০৩০+১২,৩৮৪.৪৪৮)=১,০০,১৭৬.৫১ মে.টন ভিজিএফ চাল বরাদ্দ প্রদান করা হয়েছে।

২. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ০৪/০৭/২০২১ খ্রিঃ তারিখে ২৫৩ নং স্মারকের মাধ্যমে কোভিড-১৯ সহ বন্যা/নদীভাঙন ও বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের সাহায্যার্থে মানবিক সহায়তা হিসেবে ৬৪ জেলারজেলা প্রশাসকের অনুকূলে মোট ১৪,১০০ মে. টন চাল এবং ১,৪১,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

৩. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ০৪/০৭/২০২১ খ্রিঃ তারিখে ২৫৪ নং স্মারকের মাধ্যমে কোভিড-১৯ সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের সাহায্যার্থে মানবিক সহায়তা হিসেবে ৬৪ জেলা ও ৩২৮ টি পৌরসভারঅনুকূলে মোট ৩,২৮০ মে. টন চাল এবং ৩,২৮,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

৪. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ০৪/০৭/২০২১ খ্রিঃ তারিখে ২৫৫ নং স্মারকের মাধ্যমে কোভিড-১৯ সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের সাহায্যার্থে মানবিক সহায়তা হিসেবে ৬৪ জেলার জেলা প্রশাসকের অনুকূলে মোট ৫,৪৫০ মে. টন চাল এবং ৩,০১,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

৫. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ০৪/০৭/২০২১ খ্রিঃ তারিখে ২৫৬ নং স্মারকের মাধ্যমে কোভিড-১৯ সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের সাহায্যার্থে মানবিক সহায়তা হিসেবে ১২ টি সিটি কর্পোরেশনের অনুকূলে মোট ৮০০ মে. টন চাল এবং ৪,০০,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

## (খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে মানবিক সহায়তা কার্যক্রমের বিবরণ

**(২৪/০৩/২০২০ খ্রিঃ হতে ০৫/০৭/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত)**

| ক্রঃ নং | ত্রাণ কার্যক্রমের নাম | বরাদ্দের পরিমাণ |
|---|---|---|
| ১ | ত্রাণ কার্য (নগদ অর্থ) | ১০২২,৮৩,৩২,৫১১/-(এক হাজার বাইশ কোটি তিরাশি লক্ষ বত্রিশ হাজার পাঁচশত এগারো) টাকা |
| ২ | চাল | ৫,৬৮,২৪৮ (পাঁচ লক্ষ আটষট্টি হাজার দুইশত আটচল্লিশ) মে. টন |
| ৩ | শুকনা ও অন্যান্য খাবার | ৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট |
| ৪ | ঢেউটিন | ৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বান্ডেল |
| ৫ | গৃহ নির্মাণ মঞ্জুরী | ৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ ) টাকা |

**৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তা (০৫/০৭/২০২১ তারিখ পর্যন্ত):**

| ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা | জেলায় মোট | সিটি করপোরশনে মোট | সর্বমোট |
|---|---|---|---|
| উপকারভোগী পরিবার সংখ্যা | ৫৫,৮৯০ টি | ৩,২৭৪ টি | ৫৯,১৬৪ টি |
| উপকারভোগী লোক সংখ্যা | ২,৪৮,৫৭৩ জন | ১৬,৩৭০ জন | ২,৬৪,৯৪৩ জন |

গ) দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

৬-৭-২০২১

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ইমেইল: controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২১৬/১(১৭১) তারিখ: ২২ আষাঢ় ১৪২৮ / ০৬ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৭) বিভাগীয় কমিশনার (সকল)

৮) পরিচালক (সকল) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯) জেলা প্রশাসক (সকল)

১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১১) উপ-পরিচালক (সকল) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১২) জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা

১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৬-৭-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা